

🗏 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০: ৬৭

আরবি মূল আয়াত:

هُوَ الَّذِى جَعَلَ لَكُمُ الَّيلَ لِتَسكُنُوا فِيهِ وَ النَّهَارَ مُبصِرًا آ اِنَّ فِي ذَلِكَ لَاكُمُ الَّيلَ لِتَسكُنُوا فِيهِ وَ النَّهَارَ مُبصِرًا آ اِنَّ فِي ذَلِكَ لَائِتٍ لِقُومِ يَّسمَعُونَ ﴿٤٧﴾

তিনিই সে সন্তা, যিনি তোমাদের জন্য রাতকে সৃষ্টি করেছেন, যেন তোমরা তাতে বিশ্রাম নাও এবং দিনকে করেছেন আলোকময়। নিশ্চয় এতে রয়েছে নিদর্শনাবলি এমন কওমের জন্য যারা শুনে। — আল-বায়ান তিনিই তোমাদের জন্য রাত বানিয়েছেন যেন তোমরা তাতে শান্তি লাভ করতে পার, আর দিন সৃষ্টি করেছেন (সব কিছু) দেখার জন্য। অবশ্যই এতে নিদর্শন আছে ঐ সম্প্রদায়ের জন্য যারা (মনোযোগ দিয়ে) শোনে। — তাইসিরুল তিনি এমন যিনি তোমাদের জন্য রাত বানিয়েছেন, যেন তোমরা তাতে স্বস্তি লাভ কর। আর দিনকেও এভাবে সৃষ্টি করেছেন যে, তা হচ্ছে দেখাশোনার উপকরণ। ওতে (তাওহীদের) প্রমাণসমূহ রয়েছে তাদের জন্য যারা শোনে। — মুজিবুর রহমান

It is He who made for you the night to rest therein and the day, giving sight. Indeed in that are signs for a people who listen. — Sahih International

৬৭. তিনিই তৈরী করেছেন তোমাদের জন্য রাত, যেন তোমরা বিশ্রাম করতে পার এবং দেখার জন্য দিন। যে সম্প্রদায় কথা শুনে নিশ্চয় তাদের জন্য এতে আছে অনেক নিদর্শন।

তাফসীরে জাকারিয়া

(৬৭) তিনিই সেই মহান সত্তা, যিনি তোমাদের বিশ্রামের জন্য রাত্রি সৃষ্টি করেছেন এবং দর্শনের জন্য দিন সৃষ্টি করেছেন। যে সম্প্রদায় কথা শোনে তাদের জন্য এতে নিদর্শনাবলী রয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন